গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

**জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার মে ২০২৩ মাসের কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ সাইদুল আরীফ<br>জেলা প্রশাসক, কুড়িগ্রাম |
| সভার তারিখ | : | ২৯ মে ২০২৩ |
| সভার সময় | : | বিকেল: ৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | জেলা প্রশাসক, কুড়িগ্রাম এঁর সম্মেলন কক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভার আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ, কুড়িগ্রাম এনজিওটির সকল কার্যক্রম সম্পর্কে প্রেজেন্টেশন উপস্থাপন। | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সংস্থাটির উলিপুর ও কুড়িগ্রাম সদর উপজেলায় গৃহীত কার্যক্রম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় উপস্থাপন করেন। সংস্থাটির প্রকল্পসমূহের মাধ্যমে অতিদরিদ্র ও দরিদ্র প্রতিবন্ধী পরিবারের ব্যক্তিরা যাতে কাজের ক্ষেত্রে স্বয়ংক্রিয় ভূমিকা অর্জন করতে পারে সে লক্ষ্যে কার্যক্রম গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হয়। উপকারভোগী পরিবারকে বিভিন্ন বিষয়ে সহায়তা প্রদান করা হয়। প্রতিবন্ধীকে চিকিৎসা সহায়তা এবং উপকারভোগী প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের পরিবারকে কাউন্সিলিং সহায়তা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষ |
| ০২ | উপজেলা পর্যায়ে এনজিও সভা আয়োজন করা | সকল উপজেলায় প্রতিমাসে এনজিও সভা আয়োজন করতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের অধীনস্থ এলাকায় কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহের তালিকা সংরক্ষণ করবেন এবং এনজিওসমূহ মাসিক সভায় তাদের কার্যক্রমের বিবরণ উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম ও সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৩ | সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সভায় অন্তর্ভূক্তি প্রসঙ্গে | শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, প্রাণিসম্পদ, মানবসম্পদসহ বিভিন্ন সেক্টরে কাজ করা সরকারি দপ্তরসমূহকে রোটেশন পদ্ধতিতে এনজিও সভায় অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর |
| ০৪ | সকল এনজিও কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ। | সভায় সকল সংস্থাকে ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার নোটিশ ও কার্যবিবরণী ডাউনলোডসহ ইমেইল: (acgenkurigram@mopa.gov.bd) নিজ সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত প্রেরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৫ | এনজিও'র নিয়োগ বিজ্ঞপ্তি অবহিত করণ। | জেলায় কর্মরত এনজিও'র প্রকল্পে বিভিন্ন স্তরে নিয়োগের বিষয়ে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে আবশ্যিকভাবে জেলা প্রশাসনকে অবহিত করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৬ | এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্তবার্ষিক ফি জমা করণ। | কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত সকল সংস্থা কর্তৃক বার্ষিক ফি ৮০০/- টাকা হারে সোনালী ব্যাংক লিঃ, কুড়িগ্রাম শাখায় চলতি হিসাব নং- ৩৩০১৪০২৪ এ জমা প্রদান করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৭ | এনজিও উপকার ভোগীদের সন্তানেরা নিয়মিত বিদ্যালয়ে যায় সে জন্য সচেতন করা। | বিভিন্ন এনজিও উপকার ভোগীদের সন্তানেরা যাতে নিয়মিত বিদ্যালয়ে যায় সে জন্য তাদেরকে সচেতন করার জন্য অনুরোধ জানানো হয়। বিষয়টিকে সর্বোচ্চ প্রাধান্য দেয়ার জন্য সকল এনজিও/সংস্থাকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৮ | এ জেলায় বসতবাড়ীসহ পরিত্যক্ত ১ইঞ্চিও জায়গা যেনো অনাবাদি না থাকে এ বিষয়ে সকল জনসাধারণকে উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক প্রচারণা চালানো। | এ জেলায় বসতবাড়িসহ পরিত্যক্ত ১ইঞ্চিও জায়গা যেনো অনাবাদি না থাকে। সব জায়গায় শাক সবজিসহ অন্যান্য ফসল উৎপাদন করার জন্য সকল জনসাধারণকে উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ৯ | শিশুর জন্ম নিবন্ধন এবং মৃত্যু নিবন্ধন ডিজিটাল সনদ তৈরির জন্য সকল জনসাধারণের প্রতি সচেতনতামূলক প্রচারণা চালানো। | এ জেলায় সকল শিশুর জন্ম নিবন্ধন এবং মৃত ব্যক্তিদের মৃত্যু নিবন্ধন ডিজিটাল সনদ তৈরির জন্য সকল জনসাধারণের প্রতি সচেতনতামূলক প্রচারণা চালানোর জন্য সকল এনজিও কর্তৃপক্ষের প্রতি আহবান জানানো হয়। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ১০ | আগামী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন প্রসঙ্গে। | এ এফ এ ডি, কুড়িগ্রাম আগামী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তাদের কার্যক্রম উপস্থাপনের সম্মতি জ্ঞাপন করেন। সংস্থা কর্তৃক সম্পাদিত সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা অর্জন ইত্যাদি বিষয় উপস্থাপন করার পরামর্শ প্রদান করা হয়। | এএফএডি, কুড়িগ্রাম |
| ১১ | সকল এনজিও প্রকল্পগুলোর বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ। | সকল এনজিও তাদের প্রকল্পগুলো নিয়মানুযায়ী/নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন এবং **প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ** করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| অন্যান্য সকল এনজিও তাদের কার্যক্রম সম্পর্কে সভায় সংক্ষেপে অবহিত করে যা এসাথে সংযুক্ত করা হলোঃ | | | |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়নে এবং এনজিও কর্তৃক প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করাসহ কুড়িগ্রাম জেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সকলকে একযোগে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় কমিটি

স্মারক নম্বর-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০১.২২- ৪৫৬

তারিখ: ০১ আষাঢ় ১৪৩০ / ১৫ জুন ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার........................ (সকল), কুড়িগ্রাম।
৪. ..........................................................

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সংযুক্তিঃ ০১। এনজিও প্রতিষ্ঠানসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন।

| ক্রঃ নং | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ০১ | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলায় চারটি প্রকল্পের কাজ চলমান রয়েছে। (১) 'চাইল্ড নট ব্রাইড' প্রকল্পের অধীনে ইউনিয়ন পরিষদের সাথে যোগাযোগ ও বাল্য বিবাহ প্রতিরোধ কমিটির সভায় যোগদান, যুবফোরাম পুনর্গঠন, চ্যাম্পিয়ান ফাদার ও সিবিসিপিসি সদস্যদের সাথে যোগাযোগ করা হচ্ছে। এছাড়াও কাজী, ইমাম, পুরোহিত, স্কুল ও ক্লাবের সাথে যোগাযোগ করা হচ্ছে, (২) কোর কম্প্রিহেনসিভ প্রোগ্রাম, (৩) ট্রান্স বাউন্ডারি ফ্লাড রেজিলেন্স প্রজেক্ট ইন সাউথ এশিয়া প্রকল্প এবং (৪) স্কুল ফিডিং প্রকল্প কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। আরডিআরএস, বাংলাদেশ শিক্ষা বিস্তারে ভূমিকা পালনের জন্য কর্ম-পরিকল্পনা গ্রহণের উদ্যোগ নিয়েছে মর্মে সভায় জানানো হয়। |
| ০২ | ফ্রেন্ডশিপ, কুড়িগ্রাম | (১) ৭৪টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের ৮,৯১৩ জনকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে, (২) ১২০টি ইপিআই সেশনের মাধ্যমে ৩,৬২৩ জন শিশু ও ৭৩৪জন নারীকে সেবা দেওয়া হয়েছে, (৩) ৮৮ জন দক্ষ মোবাইল হেলথ এফসিএম এর মাধ্যমে দুর্গম এলাকায় রোগীরাও আধুনিক প্রযুক্তি সেবা ও চিকিৎসা দেয়া হচ্ছে, (৪) শিশুর পুষ্টি বিষয়ক মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে এবং পুষ্টির ঘাটতি মোকাবিলায় প্রয়োজনীয় ব্যবস্থা চলমান রয়েছে, (৫) ২৮৬ জন নারী জরায়ু পরীক্ষা করা হয়েছে যার মধ্যে ১জন পজিটিভ হিসেবে সনাক্ত করা হয়েছে, (৬) ২ টি চর থিয়েটার প্রদর্শনের মাধ্যমে জনসাধারণ এর মাঝে সচেতনতা বৃদ্ধি করা হয়েছে, (৭) প্রাথমিক ২৫৪৯জন (বালিকা-১৩২৮, বালক-১২২১), বয়স্ক- ৬৮০ জন শিক্ষা লাভ করেছে, (৮) দরিদ্র কৃষিজীবিরা আধুনিক প্রযুক্তির ব্যবহারে সহায়তা করা হচ্ছে, (৯) তাঁত সেন্টার-৩টি, সেলাই প্রশিক্ষণ কেন্দ্র-২টি ও এমব্রয়ডারী কেন্দ্র-১টি স্থাপন করা হয়েছে। এতে ১৩৫জন নারীর কর্মসংস্থান ও সামাজিক মর্যাদা বৃদ্ধি হয়েছে, (১০) সোলার প্যানেল ব্যবহারে উদ্বুদ্ধ করা হয়েছে, (১১) ৩টি ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে, (১২) দুর্যোগের ঝুকি হ্রাসে তারা কাজ করছেন, এবং (১৩) কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তা প্রদান করছেন। |
| ০৩ | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রাম | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলায় ৬টি উপজেলায় তাদের কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। রাজারহাট ও উলিপুর উপজেলায় (১) সেন্টার ফর সোস্যাল ডেভেলপমেন্ট কুড়িগ্রাম (CSDK), (২) সোসাইটি ফর পিপলস ইনিসিয়েটিভস (SPI) এবং (৩) রংপুর হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (RHRDF) প্রকল্প কার্যক্রম চলমান রয়েছে। |
| ০৪ | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) উলিপুর, কুড়িগ্রাম | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর প্রতিনিধি সংস্থার কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন সংস্থাটি বিভিন্ন দাতা গোষ্ঠির সহায়তায় কুড়িগ্রাম জেলার বিভিন্ন উপজেলায় উল্লেখিত প্রকল্পসমূহ বাস্তবায়ন করছে যেমন; ১) মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দ্যা চরস (এম ফোর সি), ২) সৌহার্দ্য III Plus প্রকল্প, ৩) সৌহার্দ্য III DRR প্রকল্প, ৪) একসেস টু ক্লিন ওয়াটার এন্ড স্যানিটেশন ইন বাংলাদেশ-ওয়াশ প্রকল্প, ৫) স্ট্রেনদেনিং হাউজ হোল্ড অপর্চুনিটি থ্রো ইওথ ইনগেজমেন্টপ্রকল্প, ৬) কমব্যাটিং ইমপ্যাক্টস অফ ক্লাইমেট চেঞ্জ ইন সিভিয়ারলি এ্যাফেক্টেড এরিয়াস অফ বাংলাদেশ (টেকসই) প্রজেক্ট, ৭) স্পন্সরশীপ প্রোগ্রাম, ৮) এনআরকে টেলিথন-চাইল্ড নট ব্রাইড(সিএনবি) প্রজেক্ট, ০৯) ইকুইটেবল একসেস অব রেজিলিয়েন্স লাইফ প্রজেক্ট, ১০) কমিউনিটি-বেজড রেজিলিয়েন্স ওমেন ইমপাওয়ারমেন্ট এন্ড একশন প্রজেক্ট। অত্র সংস্থা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পগুলোর কাজগুলো সম্পাদন করা হয়। |
| ০৫ | ব্র্যাক, কুড়িগ্রাম | ব্র্যাক, কুড়িগ্রামের জেলা সমন্বয়কারী চলমান প্রকল্পসমূহের কর্মসূচির চিত্র সভায় উপস্থাপন করেন। প্রকল্পসমূহ হলো: (১) ব্র্যাক মাইক্রোফাইন্যান্স কর্মসূচি, (২) ব্র্যাক আলট্রা পুওর গ্রাজুয়েশন কর্মসূচি, (৩) ব্র্যাক স্বাস্থ্য পুষ্টি ও জনসংখ্যা কর্মসূচি, (৪) ব্র্যাক সামাজিক ক্ষমতায়ন কর্মসূচি, (৫) ব্র্যাক মানবাধিকার ও আইন সহায়তা কর্মসূচি, (৬) ব্র্যাক শিক্ষা কর্মসূচি, (৭) ব্র্যাক জেন্ডার জাস্টিস এন্ড ডাইভারসিটি কর্মসূচি এবং (৮) ব্র্যাক দূর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন কর্মসূচি। প্রকল্পগুলোর কার্যক্রম বিভিন্ন উপজেলায় বাস্তবায়ন অব্যাহত রয়েছে। |
| ০৬ | গুড নেইবারস বাংলাদেশ কুড়িগ্রাম সিডিপি | গুড নেইবারস বাংলাদেশ কুড়িগ্রাম এর প্রতিনিধি জানান দীর্ঘদিন যাবত বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে বিভিন্ন কার্যক্রম যেমন: শিশু উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য, ও শিশু অধিকার, সংক্রান্ত কর্মকান্ড; নারী উন্নয়ন, সমবায় ভিত্তিক আয়বৃদ্ধি এবং প্রজনন, স্বাস্থ্য ও স্বাস্থ্য ও নারী উন্নয়ন যুব উন্নয়ন, স্থানীয় যুবকদের কর্মমুখী শিক্ষা ও স্থানীয় সেচ্ছাসেবক কার্যক্রম এবং দুর্যোগ সক্ষমতা বৃদ্ধি কার্যক্রম পরিচালনা করে আসছে। এছাড়া ডব্লিউএফপি এর সাথে পার্টনারে উক্ত কর্ম এলাকায় বিল্ডিং রেজিলেন্স টু এ্যাচিভ জিরো হাঙ্গার প্রকল্পের মাধ্যমে বিভিন্ন আইজিএ কার্যক্রম এবং দুর্যোগ মোকাবেলায় ব্যবস্থাপনা ও উন্নয়নে কাজ করে যাচ্ছে। |

| | | |
|---|---|---|
| ০৭ | সলিডারিটি, কুড়িগ্রাম | সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি জানান যে ১) Micro Credit Program, ২) Women Empowerment and Income generation project, ৩) Basic Literacy (64 Districts), ৪) Monsoon Flood Response Project, ৫) Empowering Local and National Humanitarian Actors (ELNHA), ৬) Y-MOVES, ৭) Wish2Action Project, ৮) Safety Wings, ৯) চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প, ১০) Bangladesh Health Watch এবং ১১) Alternative Learning Program(ALP) ১২)Sports for protection resilience and transformation প্রকল্পগুলোর কার্যক্রম চলমান রয়েছে। বাল্যবিবাহ প্রতিরোধ, স্বাস্থ্য বিষয়ক অধিকার, বিষয়ে সচেতনতামূলক সভা, চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (এসএপএসসিপি) দাতা সংস্থা ব্রেড ফর দা ওয়ার্ল্ডের সহায়তায় চিলমারী উপজেলার চিলমারী ও নয়ারহাট ইউনিয়নের উপকারভোগী ৪০জন নারীকে কৃষি, ৩৩ জনকে অকৃষি মোট=৭৩জনকে আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড করার জন্য প্রতিজনকে এককালীন ৬,৭৯০/- ও ৭,২৭৫/- হিসেবে মোট=৫,১১,৬৭৫/- টাকার চেক বিতরণ করা হয়েছে। |
| ৮ | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রাম | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কাশেম ফাউন্ডেশন মূলত ৩টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে থাকে। প্রকল্প গুলি হলো: ১) মরিয়ম চক্ষু হাসপাতাল, ২) আলেকজান মেটারনিটি এন্ড চাইল্ড ওয়েল ফেয়ার সেন্টার এবং ৩) দুর্যোগকালীন জরুরী ত্রাণ কার্যক্রম। মরিয়ম চক্ষু হাসপাতালের প্রধান কার্যক্রম চক্ষু রোগীর ২,২৮৪ জন রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। রোগী বাছাই কর্মসূচিতে চক্ষু রোগীর চিকিৎসা ৩,৪২৭ জন। চোখের ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) ৩৩১ জন। সাধারণ অপারেশন- ৬৯ জন, সাধারণ হতদরিদ্র/ দরিদ্র/নিম্নমধ্যবিত্ত ছানি রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) করেছে ২৮১ জন। ধনী রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) করেছে ৫০ জন। চশমা পরীক্ষা করা হয়েছে ২,১১৯ জন। ফ্রি চশমা বিতরণ করা হয়েছে ২৭৯ জনকে। গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ১২ জন গর্ভবতী মায়ের চেক-আপ, ৫৫ জন মায়ের নিরাপদ প্রসব, ১১৪ জন সিজার-৪০ জন গর্ভবতী মাকে টিটি টিকা, ১ জন শিশুকে ইপিআই, ৬৬ জনকে টিকা প্রদান করা হয়েছে এবং ১১১ জন নবজাতকের রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। সভায় আরোও জানান যে অবিলম্বে ক্যাম্পেইনের মাধ্যমে প্রতিবন্ধীদের চক্ষু সেবা প্রদান করা হবে। |
| ৯ | ইসলামিক রিলিফ বাংলাদেশ | ইসলামিক রিলিফ বাংলাদেশ এর প্রজেক্ট ম্যানেজার সভায় কুড়িগ্রাম জেলায় বাস্তবায়নাধীন ৩টি প্রকল্প যথাক্রমে- (১) প্রোমটিং দ্যা মডেল ফর দি " ইলিমিনেশন অব এক্সট্রিম পোভার্টি ইন বাংলাদেশ"(উভচ), (২) সাসটেইন্যাবল লাইভলিহুড অফ রুরালওম্যান থ্রু মাইক্রো এন্ট্রোপ্রেনরশিপ ডেভেলপমেন্ট (সিড) এবং (৩) ফ্লাড রেজিলিয়েন্ট সেফ ওয়াটার ফর ভার্নারেবল কমিউনিটিস ইন নর্থ পার্ট অব বাংলাদেশ এর মাধ্যমে ইইপি ও সিড নামক প্রকল্প ২টি রাজারহাট উপজেলায় ১০০০টি অতি দরিদ্র ও দরিদ্র পরিবারের আর্থসামাজিক উন্নয়ন তথা দারিদ্রতা হ্রাসে কাজ করছে। এই প্রকল্প দুইটির আওতায় ৪০টি স্ব-নির্ভর দল ও দুইটি মহিলা সমবায় সমিতির মাধ্যমে প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। |
| ১০ | গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম | গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান গরীব উন্নয়ন সংস্থা (জি,ইউ,এস) দীর্ঘদিন যাবৎ অত্র জেলায় বিভিন্ন উপজেলায় দুর্যোগ ঝুঁকিহ্রাস ব্যবস্থাপনা, জরুরী ত্রান ও পুর্নবাসন ও জীবনমান উন্নয়নে প্রশাসনের সহযোগীতায় কাজ করে যাচ্ছে। গরীব উন্নয়ন সংস্থা (জি,ইউ,এস) বর্তমানে কুড়িগ্রাম, জেলায় বিভিন্ন উপজেলায়, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ ঝুঁকিহ্রাস, ত্রাণ সহায়তা, পুর্নবাসন, জীবনযাত্রার মানোন্নয়নের মাধ্যমে টেকসই সমাজ উন্নয়ন, স্বাস্থ্য ও পুষ্টি, পানী ও পয়নিস্কাশন, রমজানে খাদ্য বিতরণ, আকিকা মাংস বিতরণ, এবং কোরবানীতে মাংস বিতরণ, শীতবস্ত্র বিতরণ, শিক্ষা, কৃষি, এ্যাডভোকেসিসহ বিভিন্ন কর্মসুচি সরকারি নিয়মনীতি ও কোর হিউম্যানিটারিয়ান স্টাডার্ড অনুযায়ী সু-নামের সাথে বাস্তবায়ন করে আসছে। |
| ১১ | ইএসডিও, কুড়িগ্রাম | ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থার তত্বাবধানে ছয়টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের চলমান কার্যক্রম সভায় উপস্থাপন করেন। ১. Provati GALS Project প্রকল্পের উপকারভোগী সংখ্যা ৪,৩২০জন ও ২,৫৩৬জন, ২. SEEDS (Socio Economic Empowerment with Dignity and Sustainability প্রকল্পের উপকারভোগী পরিবার ৩,০০০জন, ৩. Gender Renponsive School & Community Sefety Initiative (GRSCSI)Project প্রকল্পের উপকারভোগী সংখ্যা ১৪,৪২৮জন, ৪. Community Support Inclusive equitable education across School in Kurigram প্রকল্পের উপকারভোগী সংখ্যা ৩,৪০৫জন, ৫. Pathways to Prosperity for Extremely Poor People (PPEPP) প্রকল্পের উপকারভোগী সংখ্যা ২৩,৪৭৭জন, ৬. kurigram dairy value chain project প্রকল্পের উপকারভোগী সংখ্যা ১৩০জন এবং ৭. MF (Micro Finance) প্রকল্পের উপকারভোগী সংখ্যা ১,৩৭২জন। |

চলমান পাতা-৩

| | | |
|---|---|---|
| ১২ | উদ্দীপন, কুড়িগ্রাম | উদ্দীপন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান মাইক্রোফিন্যান্স, উদ্দীপন হেলথ কেয়ার কর্মসূচি, বিডি রুরাল ওয়াস এবং ওয়াটার এ্যান্ড স্যানিটেশন, পাখি পল্লী সুজন কর্মসূচি, বিলুপ্ত প্রায় দেশীয় ঐতিহ্য পুনরুদ্ধার, প্রবীণ ও প্রতিবন্ধী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, বৃক্ষ রোপন কর্মসূচি, গবাদি প্রাণী বিনিময় ব্যাংক প্রকল্পসহ সংস্থার অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে। |
| ১৩ | লেপ্রা, বাংলাদেশ কুড়িগ্রাম | লেপ্রা, বাংলাদেশ এর মনিটরিং অফিসার সভায় জানান নাগেশ্বরী, ফুলবাড়ী, উলিপুর, ভূরুঙ্গামারী ও রাজারহাট উপজেলায় নতুন কুষ্ঠ রোগী সনাক্তকরণ, ফলোআপ, ক্লিনিক পরিদর্শন কার্যক্রম চলছে। |
| ১৪ | কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রাম | কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, ২টি প্রকল্প কুড়িগ্রামে চলমান আছে (১) সাপোর্টিং ফ্লাড ফোরকাস্ট-বেইসড অ্যাকশন অ্যান্ড লার্নিং ইন বাংলাদেশ (SUFAL II) এবং (২) SHOUHARDO III DRR সুফল ২টি প্রকল্পের আওতায় উলিপুর উপজেলায় চারটি ইউনিয়ন হাতিয়া, বুড়াবুড়ী, বেগমগঞ্জ ও সাহেবের আলগা ইউনিয়নের কমিউনিটি ঝুকি নিরুপণ (সি আর এ) ভ্যালিডেশন বা বৈধতাকরণ কর্মশালা সম্পন্ন হয়েছে এবং চিলমারী উপজেলায় ২টি (১টি ইউনিয়ন পর্যায়ে এবং ১টি উপজেলা পর্যায়ে) বন্যার বিপদসীমা পুন:নির্ধারণ ও হালনাগাদ সম্পর্কিত আলোচনা সভা সম্পন্ন হয়েছে। আগাম পদক্ষেপ নেয়ার লক্ষ্যে খাত অনুযায়ী (কৃষি, প্রাণীসম্পদ, মৎস্য ও ওয়াশ) প্রদর্শনীমূলক ভিডিও (কমিউনিটির সাথে শেয়ার করার জন্য) তৈরি করা হয়েছে। বন্যার পূর্ববর্তী মোবাইল বার্তা সঠিকভাবে বুঝা ও অন্যদেরকেও সতর্ক করার কার্যক্রমকে উন্নত করার জন্য ইউনিয়ন পর্যায়ে ইন্টারপ্রিটার পুল ট্রেনিংয়ের আয়োজন করা হয়। প্রকল্পের বেজ লাইন জরিপের কাজ সম্পন্ন হয়েছে। চিলমারী উপজেলার প্রকল্পভুক্ত (থানাহাট, নয়ারহাট ও রানীগঞ্জ) এলাকাতে বিপদাপন্নতার মানচিত্র এর জিপিএস সংগ্রহ এবং প্লাবন মানচিত্র তৈরির জন্য টোপোগ্রাফি জরিপ সম্পন্ন হয়েছে। |
| ১৫ | ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), কুড়িগ্রাম | ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে কুড়িগ্রাম জেলার অধীনে বিভিন্ন উপজেলায় ৩টি প্রকল্প এবং ক্ষুদ্রঋণ কর্মসূচির কার্যক্রম পরিচালনা করে আসতেছে।<br>১. বিল্ডিং রেজিলিয়েন্স টু এাসিভ জিরো হাংগার (ব্রাজ) প্রকল্প উলিপুর, চিলমারী, ২. এনডিপি এমফোরসি প্রকল্প রৌমারী, চর রাজিবপুর এবং ৩. এক্সটেন্ডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ প্রজেক্ট-ফ্লাড চিলমারী ও চর রাজিবপুর উপজেলায় বাস্তবায়ন রয়েছে। এছাড়াও, চর কৃষক, কৃষিপন্য ব্যবসায়ী এবং গাক লোন সার্ভিস এর সংযোগ মিটিং ৩৪ অনুষ্ঠিত হয়েছে। |
| ১৬ | সেন্টার ফর ডিজএবিলিটি ইন ডেভলপম্যান্ট-(সিডিডি) | সিডিডি, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলার যাত্রাপুর ইউনিয়নে ১.প্রতিবন্ধিতা অন্তর্ভূক্তিমূলক দুর্যোগ ঝুঁকিহ্রাসে কার্যক্রম, ২. ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা ৯টি, ৩. যাত্রপুর ইউনিয়নে ৩টি স্ব-সহায়ক দলের সভা করা , ৪. দুর্যোগ বিষয়ক সচেতনতা মূলক সেশন ২টি স্কুলে, ৫. ওয়াশ ফ্যাসিলিটি সেলেকশন প্রতিষ্ঠন ১১টি এবং বাড়ি ২১টি এবং ৬, প্রতিবন্ধিতা অন্তর্ভূক্তিমূলক দুর্যোগ ঝুঁকি নিরুপণ ও ঝুঁকিহ্রাস কর্মপরিকল্পনা যাত্রাপুর ইউনিয়নে ১টি বাস্তবায়ন করা হয়। |
| ১৭ | গণ**উন্নয়ন কেন্দ্র,** কুড়িগ্রাম | গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় চলমান প্রকল্পসমূহের অগ্রগতি সভায় নিম্নরূপভাবে উপস্থাপন করেন। (১) Gender Transformati ve Climate Resilint Microfinance project, (২) Climate Risk Insurance (CRI), (৩) Innovation for Climate Justice and Natural Resource Rights (ICJ&NRR) project এবং (৪) Rural Emploment and Road Maintenance Prohramme-3 (RERMP-3) বর্ণিত সংস্থার মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক দাতা সংস্থার মাধ্যমে দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন, শিক্ষার উন্নয়ন, দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন, পরিবেশ সুরক্ষা, প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন, যুবকদের কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থান সৃষ্টি, ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ নানামূখী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। সংস্থার অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রয়েছে। |
| ১৮ | সেন্টার ফর সোস্যাল ডেভেলপমেন্ট (সিএসডিকে), রৌমারী, কুড়িগ্রাম | সেন্টার ফর সোস্যাল ডেভেলপমেন্ট (সিএসডিকে), রৌমারী কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান এ জেলার ৬টি উপজেলায় (১) আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর মাধ্যমে শিক্ষক ও সুপারভাইজারদের বুনিয়াদী প্রশিক্ষণ, (২) দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির মাধ্যমে নারী নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ক সেশন পরিচালনা, (৩) প্রাথমিক চিকিৎসা ও বিনামূল্যে ঔষুধ বিতরণ এবং (৪) দুর্গম চর উন্নয়ন প্রকল্পের মাধ্যমে খাদ্য সামগ্রী, চাল, ডাল, তৈল, লবণ, ডিম ও অতি দরিদ্র পরিপারের মাঝে ছাগল বিতরণ করা হয়। |

চলমান পাতা-৪

| | | |
|---|---|---|
| ১৯ | টেরেডেস হোমস্ ফাউন্ডেশন, হাসপাতাল রোড, কুড়িগ্রাম | টেরেডেস হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান (১) কুড়িগ্রাম, উলিপুর ও চিলমারী উপজেলায় ২৯টি ইউনিয়নে তুলনামূলকভাবে অধিক বিপন্ন কর্মক্ষেত্র নির্ধারনের লক্ষ্যে সরেজমিনে যাচাই করে মোট ৭৩১টি গ্রাম চিহ্নিত করা হয়েছে, (২) এ পর্যন্ত সম্ভাব্য উপকারভোগীর সংখ্যা ১৫,৯৩৯ জন, সম্ভাব্য মোট ক্লাস্টার ১৭৪টি, সংশ্লিষ্ট স্টেকহোল্ডার ১,৩১৬ জন, ৪৫টি খেলাধুলার মাঠ প্রায় ৫১টি স্পোর্টস ক্লাব ক্রীড়া শিক্ষক ৯১ জন, ইউনিয়ন পর্যায়ে ফুটবল কোচ ১৪০ জন চিহ্নিত করা হয়। |
| ২০ | ক্লিনিক ম্যানেজার, মেরী স্টোপস ক্লিনিক, কুড়িগ্রাম | ক্লিনিক ম্যানেজার, মেরী স্টোপস ক্লিনিক, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থার কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা গ্রহীতা ২০২০জন, খাবার বড়ি ৮১জন, ইনজেকশন গ্রহণ ৩৪জন, কনডম গ্রহণ ৩৬জন, ইসিপি ১জন, পরিবার পরিকল্পনা কাউসেলিং ৩০৫জন, গর্ভকালীন সেবা ৯জন, সাধারণ স্বাস্থ্য সেবা ৫৫জন, ভায়া ১৯জন, এম আর সেবা ৭৭জন অর্জন করা হয়। |
| ২১ | এএফএডি কুড়িগ্রাম | এএফএডি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ১. পার্টিসিপেটরী একশন অন রেজিলেন্স বাই ওমেন লিড সিএসও (পার-২), ২. ইয়ুথ ইম্পাওয়ারমেন্ট ফর সোসাল এডভ্যান্সমেন্ট (ইয়েস) প্রজেক্ট, ৩.Resilience strengthening of vulnerable populations in northern, western and eastern bangladesh through a network approach of 5 partner organisations, 4.Towards Greater Effectiveness and Timeliness in Humanitarian Emergency Response, কুড়িগ্রাম সদর, উলিপুর উপজেলায় দুর্যোগ প্রবণ এলাকায় জনগোষ্ঠী মোট ৫৩১জন, দরিদ্র নারী, পরিত্যক্তা দলিত, কিশোরী, হিজড়া ও প্রতিবন্ধী ৩৬০জনের মাঝে কার্যক্রম পরিচালনা করে আসছে। |
| ২২ | রিকোভার ইন ডিগনিটি প্রজেক্ট, কুড়িগ্রাম | রিকোভার ইন ডিগনিটি প্রজেক্ট, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলায় প্রত্যক্ষ ৬,৫০০টি পরিবার এর মধ্যে ৮০০ জন প্রতিবন্ধী ব্যক্তি ও তাদের পরিবার এবং পরোক্ষ ৫,৭০০টি পরিবারকে ১০,৯১,৭,৬০৩/- টাকা বিতরণ করা হয়েছে। |
| ২৩ | বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান নিজস্ব অর্থায়নে প্রাথমিক শিক্ষা, উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা, সুপারী নার্সারী ও মৎস্য চাষ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সহযোগিতায় দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান, হস্ত শিল্প প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| ২৪ | টিডিএইচ ইটালি, কুড়িগ্রাম | টেরেডেস হোমস ফাউন্ডেশন ইটালি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান চিলড্রেন এডভ্যান্সমেন্ট প্রজেক্ট (ক্যাপ) জেলা প্রকল্পের কার্যক্রমের ধরণ: ক) স্পনসরশীপ সহায়তা প্রকল্প (প্রাথমিক বিদ্যালয়), ও খ) স্পনসরশীপ সহায়তা প্রকল্প (প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান) (১) কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলার অন্তর্গত বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যায়নরত মোট ১০৪ জন শিক্ষার্থীকে শিক্ষা সহায়তা যেমন- সাদা কাগজ, কলম, খাতা (বাংলা , ইংরেজী, অংক ও ড্রইং) এবং অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে, (২) কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলার অন্তর্গত বিভিন্ন সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে এবং মহাবিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যায়নরত ১২৭ জন কিশোরি এবং ৫৮ জন কিশোর মোট ১৮৫ জনকে শিক্ষা সহায়তা যেমন- খাতা ও কলম সহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে, (৩) স্পনসরশিপ কর্মসূচির অধীন সকল শিক্ষার্থী ও অভিভাবককে নিয়ে মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে, (৪) কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলায় একটি এবং কুড়িগ্রাম পৌরসভায় একটি মোট ২টি কিশোর-কিশোরি ক্লাবের কার্যক্রম অব্যাহত রয়েছে। উক্ত কার্যক্রমের মধ্যে রয়েছে জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ, বই পড়া, দৈনিক পত্রিকা পড়া, খেলাধুলা ও আলোচনা, (৫) ১ম শ্রেণির শিশুদেরসহ পাঠ্যক্রমের ক্লাস সপ্তাহে দুই দিন পরিচালনা অব্যাহত রয়েছে। স্কুল ছুটির পরে শিশুদের সহ-পাঠ্যক্রমের ক্লাস পরিচালনা করা হয়। |

15.06.23

(রেদওয়ান ইসলাম)
সহকারী কমিশনার
সাধারণ শাখা
ফোন নং-০২৫৮৯৯৫০০৪৪
ই-মেইল: acgenkurigram@mopa.gov.bd